# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ শাইখ সালাহ আল-বুদায়ের এর ভূমিকা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

শাইখ সালাহ আল-বুদায়ের এর ভূমিকা

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি হুকুম করেছেন এবং তা সুদৃঢ় করেছেন। হালাল ও হারাম করেছেন, জানিয়েছেন এবং শিখিয়েছেন। তিনি স্বীয় দীন শিখিয়েছেন ও বুঝিয়েছেন। আমি সাক্ষ্য দিচ্ছি যে, একমাত্র আল্লাহ ছাড়া আর কোনো সত্য মাবুদ নেই, তাঁর কোনো শরীক নেই। তিনি স্বীয় কিতাব দ্বারা দীনের মূলনীতিগুলো প্রস্তুত করেছেন, যে কিতাব সকল উম্মতের জন্য হিদায়াত। আমি আরো সাক্ষ্য দিচ্ছে যে, মুহাম্মাদ তাঁর বান্দা ও রাসূল। যিনি আরব ও অনারব সবার জন্য একনিষ্ঠ দীন ও অনুসারীদের ওপর অনুগ্রহ-শীল শরীয়তসহ প্রেরিত হয়েছেন। তিনি সর্বক্ষণ এই শরীয়তের মাধ্যমে তার দিকে দাওয়াত দিয়েছেন, তার জন্য লড়াই করেছেন এবং তার অকাট্য প্রমাণাদি দ্বারা তার দু’পাশকে হেফাযত করেছেন। আল্লাহ সালাত ও সালাম পেশ করুন তাঁর ওপর, তাঁর পথের পথিক সমস্ত সাহাবী এবং সে পথে তার সাথে সম্পৃক্ত সকলের ওপর।

অতঃপর:

আমি (চার ইমামের আকীদাহ) নামক বই, যা একদল বিদগ্ধ শিক্ষার্থী সংকলন করেছেন তার সম্পর্কে অবগত হই। কুরআন ও সুন্নাহ-এর ভিত্তিতে—আমাদের সম্মানিত সলাফদের নীতিমালা অনুসরণে এর মাসআলাসমূহ বইটিতে বিন্যস্ত করা হয়েছে। বইটির বিষয়বস্তু এবং তার অন্তর্ভুক্ত মাসআলাগুলোর গুরুত্বের কারণে বইটি প্রকাশ ও প্রচার করার উপদেশ দিচ্ছি। সর্বশক্তিমান আল্লাহর নিকট প্রার্থনা, তিনি যেন বইটির পাঠকদেরকে উপকৃত করেন এবং যারা সংকলন করেছেন তাদের উত্তম ও পরিপূর্ণ বিনিময় দান করেন। আল্লাহ আমাদের নবী মুহাম্মাদের ওপর, তার পরিবারের ওপর ও তার সমস্ত সাহাবীদের ওপর সালাত ও সালাম পেশ করুন।

মসজিদে নববীর ইমাম ও খতীব:

এবং বিচারপতি মদীনা মুনাওয়ারা সাধারণ বিচারালয়

সালাহ বিন মুহাম্মাদ আল-বুদায়ের

Source — https://www.hadithbd.com/books/link/?id=9928

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন